# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

প্রশাসন বিভাগ

www.dagonbhuiyanpaurashava.org.bd

স্মারক নং-দাঃপৌঃ/প্রশাঃবিঃ/পৌঃপঃসভা/২০২৫/ তাং- ১৫/০৬/২০২৫খ্রি.

প্রাপক

| ক্রঃনং | নাম ও পদবী | ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব | মোবাইল |
|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দাগনভূঞা,ফেনী। | ০৮ ও ০৯ নং ওয়ার্ড | ০১৯১১৬২৪২১০ |
| ০২. | অফিসার ইনচার্জ,দাগনভূঞা থানা,ফেনী। | ০৩ নং ওয়ার্ড | ০১৩২০১১৩০০২ |
| ০৩. | উপজেলা প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর দাগনভূঞা, ফেনী। | ০২ নং ওয়ার্ড | ০১৫১৮৬৯২৫৯১ |
| ০৪. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | ০১ নং ওয়ার্ড | ০১৮৮০৮০৭২৫৬ |
| ০৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | ০৪ ও ০৫ নং ওয়ার্ড | ০১৮০৪১৬৩১৬২ |
| ০৬. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | ০৬ ও ০৭ নং ওয়ার্ড | ০১৯৮৫৪৮৯২০২ |

## সভার বিজ্ঞপ্তি

আগামী ৩০/০৬/২০২৫ খ্রি. সোমবার বিকাল ৩:৩০টায় জুন ২০২৫ খ্রি. মাসের সাধারণ সভা নিম্নোক্ত আলোচ্য সূচী নিয়ে পৌর সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল সদস্য ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

০১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠান্তে অনুমোদন।
০২. TLCC সভায় উপস্থাপিত ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রাক বাজেট সংক্রান্ত আলোচনা।
০৩. ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধনী বাজেট সংক্রান্ত আলোচনা।
০৪. ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত আলোচনা।
০৫. পৌর রাজস্ব উন্নয়ন ও বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে আলোচনা।
০৬. বিশেষ বরাদ্দের আওতায় আহ্বানকৃত কোটেশান অনুমোদন সংক্রান্ত আলোচনা।
০৭. আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনা।
০৮. স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটির কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা।
০৯. WC সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা করতঃ অনুমোদন সংক্রান্ত আলোচনা।
১০. TLCC সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা।
১১. অবসর প্রাপ্ত এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া পরিশোধ সংক্রান্ত আলোচনা।
১২. বিবিধ ঃ

স.ম. আজহারুল ইসলাম
প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী
ও
উপজেলা নির্বাহী অফিসার
দাগনভূঞা,ফেনী।

স্মারক নং-দাঃপৌঃ/প্রশাঃবিঃ/পৌঃপঃসভা/২০২৫/...... তাং- ১৫/০৬/২০২৫খ্রি.

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১. সহকারী প্রকৌশলী, দাগনভূঞা পৌরসভা, ফেনী।
২. প্রশাসনিক কর্মকর্তা, দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৩. হিসাব রক্ষক, দাগনভূঞা পৌরসভা,ফেনীকে সদস্যদের অনুকূলে জন প্রতি ৩,০০০/(তিন হাজার) টাকা মাত্র সম্মানী ভাতা প্রদানের বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে প্রেরণ করা হলো।
৪. ............................................................, দাগনভূঞা পৌরসভা, ফেনী।
৫. নথি।

প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী।

বিষয় :........................ তারিখ :........................

দাগনভূঞা পৌরসভার কর্মসম্পাদনে সহায়তা কমিটির জুন-২০২৫ খ্রি.
মাসের সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মো: আফজারুল ইসলাম
প্রশাসক
দাগনভূঞা পৌরসভা, ফেনী।

সভার তারিখ : ৩০.০৬.২০২৫ খ্রি.
সময় : ৩:৩০ টা.
স্থান : পৌর সম্মেলন কক্ষ
সভা নং : ৩০/২০২৫

সভায় উপস্থিতির নাম, পদবী ও স্বাক্ষর:

| ক্র:নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১. | জনাব, ডা. মু.এম.এইচ সোহরাব আল হোসাইন<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | সদস্য-০৮ও০৯ নং ওয়ার্ড | |
| ০২. | " মোহাম্মদ ওয়াহিদ পারভেজ<br>অফিসার ইনচার্জ<br>দাগনভূঞা থানা, ফেনী। | সদস্য-০৩ নং ওয়ার্ড | |
| ০৩. | " মো: মাহবুব বিল্লাহ<br>উপজেলা প্রকৌশলী<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর<br>দাগনভূঞা, ফেনী। | " -০২ " " | |
| ০৪. | " মোহাম্মদ আইনুল হোসাইন জিলানী<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | " -০১ " " | |
| ০৫. | " মো: তাজুল হোসাইন<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | " -০৪ও০৫ " " | |
| ০৬. | " মো: মফিজুর রহমান<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>দাগনভূঞা, ফেনী। | " -০৬ও০৭ " " | |

দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলাঃ ফেনী।

দাগনভূঞা পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্যে সহায়তা কমিটির জুন ২০২৫ খ্রি. মাসের সাধারন সভার কার্যবিবরণী:

সভাপতি : স.ম. আজহারুল ইসলাম
প্রশাসক, দাগনভূঞা পৌরসভা,ফেনী
ও
উপজেলা নির্বাহী অফিসার,দাগনভূঞা,ফেনী।

সভার তারিখ : ৩০/০৬/২০২৫খ্রি.
সময় : বিকাল ০৩.৩০টায়
স্থান : পৌরসভা কার্যালয়
সভা নং- : ৫০/২০২৫

সভায় উপস্থিত কর্মকর্তাগণের পদবী ও স্বাক্ষর:

| ক্র:নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ডাঃ এ. এস .এম সোহরাব আল হোসাইন<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | সদস্য ০৮ ও ০৯ নং ওয়ার্ড | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মোহাম্মদ ওয়াহিদ পারভেজ<br>থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা,দাগনভূঞা,ফেনী। | সদস্য ০৩ নং ওয়ার্ড | |
| ০৩ | জনাব মোঃ মাসুম বিল্লাহ<br>উপজেলা প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, দাগনভূঞা,ফেনী। | সদস্য ০২ নং ওয়ার্ড | স্বাঃ |
| ০৪ | জনাব মোহাম্মদ আইনুল হোসাইন জিলানী<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | সদস্য ০১ নং ওয়ার্ড | " |
| ০৫ | জনাব মোঃ তাফাজ্জল হোসেন<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | সদস্য ০৪ ও ০৫ নং ওয়ার্ড | " |
| ০৬ | জনাব মোঃ সাইফুর রহমান<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, দাগনভূঞা,ফেনী। | সদস্য ০৬ ও ০৭ নং ওয়ার্ড | " |

অদ্য ৩০/০৬/২০২৫ খ্রি. বিকাল ০৩.৩০টায় প্রশাসক, দাগনভূঞা পৌরসভা'র সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক পরবর্তী কার্যক্রম চালিয়ে নেয়ার জন্যে সহকারী প্রকৌশলী কে অনুরোধ করেন। সহকারী প্রকৌশলী আলোচ্য সূচী পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন এবং নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রনং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত ২২/০৫/'২৫ খ্রি. তারিখের মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় সহকারী প্রকৌশলী গত ২২/০৫/'২৫ খ্রি.'র মাসিক সভার কার্যবিবরণী পড়ে শুনান। অতঃপর সভাপতি মহোদয় পূর্ববর্তী সভার কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনা করেন। সভায় TLCC সভায় উপস্থাপিত ২০২৫-২০২৬ অর্থ বছরের খসড়া বাজেট, ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধনী বাজেট, ২০২৫-২০২৬ অর্থ বছরের উপস্থাপিত খসড়া বাজেট, পৌর রাজস্ব উন্নয়ন ও বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি, আদায় কার্যক্রম, পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রমের অগ্রগতি, ডাম্পিং সাইটের জায়গা, অবসর প্রাপ্ত এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া পরিশোধ, বিবিধ আলোচনা সহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় উপস্থিত সকলে পঠিত কার্যবিবরণী সংশোধনের প্রয়োজন নেই বলে অভিমত পোষণ করেন। | আলোচনান্তে ২২/০৫/'২৫ খ্রি. তারিখের অনুষ্ঠিত পৌর সহায়তা কমিটির মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | TLCC সভায় উপস্থাপিত ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট সংক্রান্ত | সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন খাতে সর্বমোট আয় [illegible] আটান্ন কোটি তেষট্টি লক্ষ [illegible] টাকা বিশ পয়সা। টাকা ও [illegible] কোটি [illegible] লক্ষ | বিশদ আলোচনান্তে TLCC সভায় উপস্থাপিত ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট [illegible] বিষয়টি সভায় [illegible] | সহঃপ্রকৌ. [illegible] |

ঔ

| | | | | |
|---|---|---|---|---|
| | আলোচনা। | ষাট হাজার) টাকা এবং উদ্বৃত্ত =৩,২৪,৭৭,৫৫৭.২০/- (তিন কোটি চব্বিশ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত সাতান্ন টাকা বিশ পয়সা) টাকার বাজেট সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেট নিয়ে প্রায় সভায় উপস্থিত কয়েক জন সদস্য বিশদ আলোচনা করেন। সরকারী, বেসরকারী ও বিভিন্ন প্রকল্প যেমন- ADP, REV, LGCRRP(Covid-19), BMDF, UGIAP, MGSP, BCCT, UIIP, IUIDP, IUGIP,DPHE এর নির্দেশনা মোতাবেক বাজেটে বরাদ্দ রেখে বাজেট উপস্থাপিত হয়েছে কিনা তদবিষয়ে উপস্থিত কয়েক জন সদস্য আলোকপাত করেন। এ বিষয়ে সহকারী প্রকৌশলী বিশদ ব্যাখ্যা দেন। সভায় সভাপতি মহোদয় বাজেটে সরকারী, বেসরকারী, দেশী ও বিদেশী প্রকল্প সহ বিভিন্ন উন্নয়নমূলকখাত, সামাজিক নিরাপত্তাখাত, দান, অনুদান, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি সহ বিভিন্ন জনকল্যাণমূলক খাতে বাজেটে বরাদ্দ রাখা হয়েছে মর্মে দীর্ঘ আলোকপাত করেন। উপস্থাপিত বাজেট জনকল্যানমুখী হওয়ায় সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন। প্রস্তাবিত বাজেট অধিকতর যাচাই বাচাইয়ের লক্ষ্যে সভায় বিশদ আলোচনা হয়। | অনুমোদন করেন। | |
| ০৩ | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধনী বাজেট সংক্রান্ত আলোচনা। | ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধনী বাজেট সংক্রান্ত আলোচনায় সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে যে সকল খাতে ঘাটতি দেখা দিয়েছে, ঐ সকল খাতে আরো বাড়িয়ে বাজেট উপস্থাপন করা হয়েছে। তাছাড়া অনেক সময় দেখা যায় যে, অনাকাঙ্খিত কারণে কোন কোন খাতে বাজেটে বরাদ্দের চেয়েও বেশি অর্থ ব্যয় হয়। তখন ঐ সকল খাতে ঘাটতি দেখা দেয়। সভায় এ ব্যাপারে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধনী বাজেটে উপস্থাপিত বিষয়গুলো নিয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | সহঃ প্রকৌঃ ও হিসাব রক্ষক |
| ০৪ | ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত আলোচনা। | সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন খাতে সর্বমোট আয় =৫৬,৬৩,৩৭,৫৫৭.২০/-( ছাপ্পান্ন কোটি তেষট্টি লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত সাতান্ন টাকা বিশ পয়সা) টাকা ও সর্বমোট ব্যয় =৫৩,৩৮,৬০,০০০/-( তিপ্পান্ন কোটি আটত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা এবং উদ্বৃত্ত =৩,২৪,৭৭,৫৫৭.২০/- (তিন কোটি চব্বিশ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত সাতান্ন টাকা বিশ পয়সা) টাকার বাজেট সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেটে সরকারী, বেসরকারী ও বিভিন্ন প্রকল্প যেমন- একক DPP, ADP, REV, LGCRRP(Covid-19), BMDF, UGIAP, MGSP, BCCT, UIIP, IUIDP, IUGIP, DPHE এর নির্দেশনা মোতাবেক বাজেটে বরাদ্দ রেখে বাজেট উপস্থাপিত হয়েছে কিনা তদবিষয়ে উপস্থিত কয়েক জন সদস্য আলোকপাত করেন। সদস্যগণ সভাকে জানান যে, প্রশিক্ষণ, স্যানিটেশন, হাট বাজার ব্যবস্থাপনা, ADP এর আওতায় রাস্তা-ঘাট মেরামত, সেলাই প্রশিক্ষণ,ব্লক বাটিক, হাসমোরগ পালন, টিএ, ডিএ খাতে উপস্থাপিত বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। এ বিষয়ে সহকারী প্রকৌশলী বিশদ ব্যাখ্যা দেন। সভায় সভাপতি মহোদয় বাজেটে সরকারী, বেসরকারী, দেশী ও বিদেশী প্রকল্প সহ বিভিন্ন উন্নয়নমূলকখাত, সামাজিক নিরাপত্তাখাত,দান, অনুদান, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি সহ বিভিন্ন খাতে বাজেটে বরাদ্দ রাখা হয়েছে মর্মে দীর্ঘ আলোকপাত করেন। উপস্থাপিত বাজেট জনকল্যানমুখী হওয়ায় সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন। প্রস্তাবিত বাজেট যথাযথভাবে উপস্থাপিত হওয়ায় অনুমোদনের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট যথাযথ হওয়ায় উপস্থিত সকলে সর্বসম্মতভাবে অনুমোদন করেন। | সহঃ প্রকৌঃ ও হিসাব রক্ষক |

<table>
<tr>
<td>০৫</td>
<td>ক) পৌর রাজস্ব উন্নয়ন ও বিভিন্ন প্রকল্পের উন্নয়ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে আলোচনা।</td>
<td>চলমান উন্নয়নমূলক কার্যক্রম(Rev, ADP, IUIDP, UIIP, LGCRRP) প্রকল্প সংক্রান্ত আলোচনায় সহকারী প্রকৌশলী জানান যে, চলমান কাজের গুনগতমান সঠিক রেখে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ঠিকাদারবৃন্দের সাথে সমন্বয় করে যত দ্রুত সম্ভব অসমাপ্ত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত করার জন্যে জরুরী ব্যবস্থা নেয়া এবং কাজের মান ভালো না হলে প্রকল্পের কাজ বাতিল করতে হবে। তাছাড়া প্রকল্পের কাজ বাস্তবায়নে অনুমোদন বিহীন কোন স্থাপনা,গৃহ,ইমারত প্রকল্পের আওতাধীন জায়গা পড়লে, তা ভেঙ্গে প্রকল্পের কাজ বাস্তবায়ন এবং কোন প্রকার বাঁধা আসলে সহকারী প্রকৌশলী, দাগনভূঞা পৌরসভা, ফেনী সভার সভাপতি মহোদয়কে অবহিত করলে প্রকল্পের কাজ বাস্তবায়নের বিষয়ে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।<br>তাছাড়া আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্যে ০১(এক)টি কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। এ আলোকে বর্ষা মৌসুম,পবিত্র রমজান ও কোরবান, বাৎসরিক ছুটির দিন সহ বিষয়গুলো বিবেচনাক্রমে ছোট,বড় প্রকল্পগুলো জুলাই ২০২৫খ্রি. থেকে আরম্ভ করে আর্থিক বছরের মধ্যে যাতে প্রকল্পের কার্যক্রম সম্পন্নের উপর সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক সময় ও কাজের গুণগতমান সঠিক রেখে জরুরী ভিত্তিতে চলমান প্রকল্পের কাজ বাস্তবায়ন ও কাজের মান ভালো না হলে প্রকল্পের কার্যক্রম বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
<tr>
<td></td>
<td>খ) রাজস্ব খাত হতে দালনার খাল খনন ও সংস্কার কার্যক্রম প্রকল্পের সাইট স্থানান্তর সংক্রান্ত আলোচনা।</td>
<td>আসন্ন বর্ষার ভারী বর্ষণ এবং বন্যা মোকাবেলায় অতি জরুরী ভিত্তিতে আহ্বানকৃত অফ লাইন কোটেশান বিজ্ঞপ্তি নং-১৮/২০২৪-২০২৫ এর মাধ্যমে আসলাম হাজী জামে মসজিদ থেকে নামার বাজার ব্রীজ পর্যন্ত (চেইনেজ ০০.০০ মি. থেকে ৫১৫.০০ মি.) এর মধ্যে ১ম অংশে (চেইনেজ ০০.০০ মি. থেকে ১৫০.০০ মি.) প্রকল্পটি গ্রহণ করা হলেও জনস্বার্থে এবং বাজার ব্যবসায়ীদের দাবীর প্রেক্ষিতে সাইট স্থানান্তরের প্রয়োজন পড়ে। যার ফলে নতুন সাইট লোকেশনের প্রস্তাবনা আসে নামার বাজার ব্রীজ থেকে খাদ্য গুদামের পিছনের কালভার্ট পর্যন্ত(চেইনেজ ০০.০০ মি. থেকে ৩০০.০০ মি.)। এ আলোকে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সভাপতি মহোদয় সভায় সহকারী প্রকৌশলী কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।</td>
<td>বিশদ আলোচনান্তে রাজস্ব খাত হতে প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় প্রকল্পটি সর্বসম্মত ভাবে অনুমোদন করেন।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
<tr>
<td></td>
<td>গ) T.R খাত হতে দালনার খাল খনন ও সংস্কার কার্যক্রম সংক্রান্ত আলোচনা।</td>
<td>আসন্ন বর্ষার ভারী বর্ষণ এবং বন্যা মোকাবেলায় অতি জরুরী ভিত্তিতে আসলাম হাজী জামে মসজিদ থেকে নামার বাজার ব্রীজ পর্যন্ত (চেইনেজ ০০.০০ মি. থেকে ৫১৫.০০ মি.) মধ্যে ১ম অংশ (চেইনেজ ০০.০০ মি. থেকে ২৫০.০০ মি.) ও ২য় অংশ (চেইনেজ ৪৩৫.০০ মি. থেকে ৫১৫.০০ মি.) এবং নামার বাজার ব্রীজ থেকে খাদ্য গুদামের পিছনের কালভার্ট পর্যন্ত (চেইনেজ ০০.০০ মি. থেকে ৫৫০.০০ মি.) এর মধ্যে ২য় অংশ (চেইনেজ ৩০০.০০ মি. থেকে ৫৫০.০০ মি.) T.R খাত হতে খাল খনন ও সংস্কারের প্রস্তাব গৃহিত হয়। উক্ত বাস্তবায়নের লক্ষ্যে (PIC) নিম্নবর্ণিত কমিটি গঠনের জন্যে সভাপতি মহোদয় সভায় প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>০১</td><td>অফিসার ইনচার্জ, দাগনভূঞা থানা, ফেনী।</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>প্রধান শিক্ষক, দাগনভূঞা বালিকা উচ্চ বিদ্যালয়, দাগনভূঞা,ফেনী।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>ইমাম, আহমদিয়া হাফেজিয়া মাদ্রাসা মসজিদ, নামার বাজার, দাগনভূঞা, ফেনী।</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>বিশদ আলোচনান্তে প্রকল্পটি যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে প্রস্তাবিত (PIC) কমিটি অনুমোদন ও T.R খাত হতে গৃহিত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়টি সভায় সর্বসম্মত ভাবে অনুমোদন করেন।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>০৪</td><td>সাধারন সম্পাদক, বাজার ব্যবসায়ী কল্যাণ সমিতি, দাগনভূঞা,ফেনী।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>উপজেলা প্রকৌশলী, দাগনভূঞা,ফেনী।</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
প্রস্তাবিত কমিটি অনুমোদন ও গৃহিত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভাপতি মহোদয় সভায় সহকারী প্রকৌশলী কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>ঘ) সড়ক বাতি ও সোলার প্যানেল স্থাপন সংক্রান্ত আলোচনা।</td>
<td>সড়ক বাতি সংক্রান্ত আলোচনায় সহকারী প্রকৌশলী জানান যে, বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহ কাজে নিয়োজিত ঠিকাদার কিছু ৩৯৭টি সড়ক বাতি সরবরাহ করেন এবং আরও কিছু মালামাল সরবরাহ কার্যক্রম প্রক্রিয়াধীন। সরবরাহকৃত ৩৯৭টি সড়ক বাতির মধ্যে ০৪ নং ওয়ার্ডের নুরের টেক থেকে গুনী কন্ট্রাক্টারের বাড়ী পর্যন্ত ৩৫টি সড়ক বাতি লাগানো হয়েছে। মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান।<br>এছাড়া সভাপতি মহোদয় জানান যে, কোন কোন জায়গায় সোলার প্যানেল স্থাপন করা যায় এবং প্রতিটি সোলার প্যানেলের জন্যে কত টাকা খরচ হবে, তার তথ্য প্রস্তুতের বিষয়ে সভায় প্রস্তাব করেন।<br>এদিকে নতুন অর্থ বছরের জন্য আরও সড়ক বাতি স্থাপনের জন্য নতুন নতুন সড়ক নির্বাচনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্যে সভাপতি মহোদয় সভায় সহকারী প্রকৌশলী কে নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়।</td>
<td>বিশদ আলোচনান্তে সড়ক বাতির মাঠ পর্যায়ের কার্যক্রম চলমান রাখা এবং প্রস্তাবিত সোলার প্যানেল ও নতুন নতুন সড়ক নির্বাচন সহ সংশ্লিষ্ট কার্যক্রম এগিয়ে নেয়ার বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>সহঃ প্রকৌঃ ও সড়ক বাতি পরিঃ</td>
</tr>
<tr>
<td>ঙ) তোহা বাজার এলাকার পাবলিক টয়লেটের পাশে ডাস্টবিন নির্মাণ সংক্রান্ত আলোচনা।</td>
<td>প্রতিদিনের পশু জবাইখানার সৃষ্ট বর্জ্য সংরক্ষণের জন্যে ডাস্টবিন না থাকায় পার্শ্ববর্তী দাদনার খালে সরাসরি ফেলা হয়। এতে করে দাদনার ভরাট হয়ে বর্ষা মৌসুমে খালের স্বাভাবিক পানি প্রবাহ ব্যহত হয়। তাই পশু জবাইখানার সৃষ্ট বর্জ্য সংরক্ষণের জন্যে তোহা বাজার এলাকার পাবলিক টয়লেটের পাশে ০১(এক)টি ডাস্টবিন নির্মাণের বিষয়ে সহকারী প্রকৌশলী সভায় প্রস্তাব করেন। প্রস্তাবিত ডাস্টবিন সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়।</td>
<td>বিশদ আলোচনান্তে তোহাবাজার পাবলিক টয়লেটের পাশে ০১(এক)টি ডাস্টবিন নির্মাণের বিষয়ে সভায় সবসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
<tr>
<td>চ) প্রকল্পের সাইট স্থানান্তর সংক্রান্ত আলোচনা।</td>
<td>দরপত্র বিজ্ঞপ্তি নং- ০৭/২০২৩-২০২৪(LTM) P-4 এর আওতায় ০৮ নং ওয়ার্ডের চাঁনপুর গোশাল মাহমুদের বাড়ী পুকুরে প্যালাসাইডিং ৪২ মি. ডাবল প্ল্যাট প্রকল্পটি সাইট সমস্যার কারণে তা স্থানান্তর করে ০১ নং ওয়ার্ডে (০১) আলাইয়ারপুর কালাম কন্ট্রাক্টার বাড়ী সড়কের পুকুরে প্যালাসাইডিং এবং (০২) মুন্সি পুকুরের পূর্ব পাড়ে প্যালাসাইডিং প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্যে সহকারী প্রকৌশলী সভায় প্রস্তাব করেন। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে প্রস্তাবিত বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।</td>
<td>বিশদ আলোচনান্তে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের সাইট স্থানান্তরের প্রস্তাবিত বিষয়টি সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করেন।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
<tr>
<td>ছ) মনিটরিং টিম গঠন সংক্রান্ত আলোচনা।</td>
<td>সভায় সহকারী প্রকৌশলী পৌরসভার সকল ওয়ার্ডের চলমান সকল প্রকার উন্নয়ন কাজের গুণগতমান নিশ্চিত ও মনিটরিং করার লক্ষ্যে ওয়ার্ড ভিত্তিক দায়িত্ব পালনের জন্যে নিম্নোক্ত মনিটরিং টিম গঠন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম ও পদবী</th><th>পদবী</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>সহায়তা কমিটির সদস্য<br>সংশ্লিষ্ট ওয়ার্ড,<br>দাগনভূঞা পৌরসভা,ফেনী<br>ও<br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,<br>দাগনভূঞা,ফেনী।</td><td>টিম লিডার</td><td>-----</td></tr>
<tr><td>০২</td><td>উপ-সহকারী প্রকৌশলী(সিভিল)<br>দাগনভূঞা পৌরসভা,ফেনী।</td><td>সদস্য</td><td></td></tr>
</table>
</td>
<td>বিশদ আলোচনান্তে কার্যাদেশ বা অফিস আদেশ অনুযায়ী দায়িত্ব পালন ও উন্নয়ন কাজের অগ্রগতি প্রতিটি সাধারণ সভায় উপস্থাপনের লক্ষ্যে গঠিত টিম সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করেন।</td>
<td>সহঃ প্রকৌঃ</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৩ কার্য সহকারী দাগনভূঞা পৌরসভা,ফেনী। — সদস্য<br>গঠিত টিম কার্যাদেশ বা অফিস আদেশ অনুযায়ী সংশ্লিষ্ট কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ দায়িত্ব পালন এবং প্রতিটি সাধারণ সভায় মাঠ পর্যায়ের কাজের অগ্রগতি উপস্থাপন করবেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | | |
| | জ) নৌকা ক্রয় সংক্রান্ত আলোচনা। | বর্ষা মৌসুমে ভারী বর্ষণ ও বন্যা মোকাবেলার পূর্ব প্রস্তুতি হিসেবে ত্রাণ ও উদ্ধার কার্যক্রম পরিচলনার জন্য ০২(দুই)টি মাঝারী ও ০২(দুই)টি বড় ফাইভারের নৌকা বাজার দর যাচাইক্রমে জরুরী ভিত্তিতে অফ লাইন কোটেশানের মাধ্যমে ক্রয়ের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় সভায় সহকারী প্রকৌশলী কে নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে নির্দেশনা মোতাবেক অফ লাইন কোটেশানের মাধ্যমে ০২(দুই)টি মাঝারী ও ০২(দুই)টি বড় ফাইভারের নৌকা ক্রয়ের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ |
| | ঝ) পৌর সেবা অন লাইন করণ সংক্রান্ত আলোচনা। | পৌরসভার আগত সেবা প্রার্থীদের সেবা সমূহের মধ্যে যাবতীয় সনদ যেমন- নাগরিক, ওয়ারিশ, বিভিন্ন প্রত্যয়ন ইত্যাদি অন লাইন ভিত্তিক প্রদানের লক্ষ্যে বাজার দর যাচাইপূর্বক জরুরী ভিত্তিতে অফ লাইন কোটেশান আহ্বানের ব্যবস্থা নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় সভায় সহকারী প্রকৌশলী কে নির্দেশনা প্রদান করেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে নির্দেশনা মোতাবেক সেবা প্রার্থীদের দ্রুত সেবা অন লাইন ভিত্তিক প্রদানের লক্ষ্যে অফ লাইন কোটেশান আহ্বান বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ |
| | ঞ) পৌরসভা অফিস কম্পাউন্ডের সৌন্দর্য্য বর্ধন সংক্রান্ত আলোচনা। | সভাপতি মহোদয় পৌরসভা অফিস কম্পাউন্ডের সৌন্দর্য্য বর্ধনের লক্ষ্যে প্রবেশ পথে এস, এস, স্টীল দিয়ে ছাউনী নির্মাণের বিষয়টি সভায় উপস্থাপন করেন এবং সহকারী প্রকৌশলী কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত সদস্যগণ সৌন্দর্য্য বর্ধনের স্বার্থে কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে মতামত পেশ করেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে যথাযথ বিধি মোতাবেক কোটেশান আহ্বানের মাধ্যমে উপস্থাপিত কাজটি বাস্তবায়নের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ |
| ০৬ | বিশেষ বরাদ্দের আওতায় আহ্বানকৃত দরপত্র অনুমোদন সংক্রান্ত আলোচনা। | ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভার জন্য 'বিশেষ বরাদ্দ' উপখাতে বরাদ্দকৃত অর্থ স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.১৫.০১৮.১১.৩৭৪, তাং- ১৭/০৬/২০২৫ খ্রি. মূলে ১০(দশ) লক্ষ টাকা বিশেষ বরাদ্দ পাওয়ায় প্রাপ্ত বরাদ্দের আওতায় নিম্নবর্নিত প্রকল্প সমূহ কোটেশানের মাধ্যমে গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি নং- ২০/২০২৪-২০২৫ (RFQM) তাং- ২২/০৬/২০২৫ইং মূলে আহ্বান করা হয়েছে।<br>ক্রমনং \| প্রকল্পের নাম \| মন্তব্য<br>০১ \| মাতুভূঞা বাস স্ট্যান্ড জামে মসজিদের দেয়াল, ফ্লোরে টাইলস ও অজুখানা নির্মান। \|<br>০২ \| কৃষ্ণরামপুর বাইতুল হক জামে মসজিদের মাদ্রাসায় ২টি শ্রেণি কক্ষে টাইলস ও প্লাস্টার দ্বারা উন্নয়ন। \|<br>০৩ \| ইকবাল মেমোরিয়াল কলেজ রোডে আইটি ভবন রোডে ইউনি ব্লক দ্বারা উন্নয়ন। \|<br>আহ্বানকৃত দরপত্র অনুমোদনের বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে গৃহিত প্রকল্প জনগুরুত্বপূর্ন হওয়ায় আহ্বানকৃত দরপত্র সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করেন। | সহঃ প্রকৌঃ |
| ০৭ | আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ | | | |
| | ক) হোল্ডিং কর আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | সভায় সভাপতি মহোদয় ২০২৪-২০২৫ অর্থ বছরে ৬২৫৪টি হোল্ডিং এর বিপরীতে এ পর্যন্ত হোল্ডিং করের আদায় ও বকেয়া হোল্ডিং কর মোট কত টাকা আদায় হয়েছে বিষয়টি সভাকে অবহিত করার আহ্বান জানান। এ আলোকে সংশ্লিষ্ট কর আদায়কারী জানান যে, দাবী = ১,৩৫,৪৬,২৪৭/- টাকা, আদায় = ১,১০,২৪,৯১২/- টাকা এবং আদায়ের হার ৮১.৩৮%। বড় বড় | বিশদ আলোচনান্তে পৌর হোল্ডিং কর ও প্রত্যক্ষ-পরোক্ষ কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট শাখার কর্মচারীগণ প্রক্রিয়ামাফিক বিল ইস্যু, আদায় কার্যক্রম ও মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে নেয়ার | কর নির্ধারক ও কর আদায়কারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কিছু হোল্ডিং মালিকের হোল্ডিং কর বকেয়া আছে। ঐসব হোল্ডিং মালিকদের সাথে কর আদায়ের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পৌর হোল্ডিং মালিকগন বা হোল্ডিং মালিকের কোন ওয়ারিশ পৌরসভা থেকে সেবাপ্রার্থী হলে ঐ সময় হোল্ডিং ট্যাক্স আদায়ক্রমে নাগরিক সেবা প্রদান করা হচ্ছে।<br>সভাপতি মহোদয় পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে হোল্ডিং কর আদায়ের লক্ষ্য বাস্তবায়নে কর মেলা জুলাই ২০২৫খ্রি. আয়োজন করা যায় এবং নাগরিক দায়-দায়িত্বের বিষয়টি বিবেচনা করে স্ব-স্ব অবস্থান থেকে হোল্ডিং কর প্রদানে সবাইকে উদ্বুদ্ধকরণ ও সকলের আন্তরিক সহযোগিতা প্রদানের বিষয়ে সভার পক্ষ থেকে উপস্থিত সকলকে আহ্বান জানানো হয়। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | খ) পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা। | সভায় সভাপতি মহোদয় ২০২৬-২০২৭ অর্থ বছর থেকে কার্যকরের লক্ষ্যে পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে কর নির্ধারক, দাগনভূঞা পৌরসভা, ফেনী জানান যে, সকল ওয়ার্ডের মাঠ পর্যায়ের তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। মাঠ পর্যায়ের সংগৃহিত তথ্য-উপাত্ত খসড়া রেজিষ্ট্রারে লিপিবদ্ধ করণ, নোটিশ বিলি কার্যক্রম চলমান রয়েছে। তা'ছাড়া কর নির্ধারক সভাকে আরো জানান যে, (Re-assessment) কার্যক্রমের কয়েকটি ধাপ রয়েছে। প্রক্রিয়ামাফিক একটি ধাপের কার্যক্রম সম্পন্নের পর আরেকটি ধাপের কার্যক্রম হাতে নেয়া হয়। সভায় কর নির্ধারক হোল্ডিং মালিকদের উপর হোল্ডিং কর =৭%, কঞ্জারভেন্সি এলাকার আওতাধীন কঞ্জারভেন্সি রেইট =৭%, সড়ক বাতি রেইট =৩% হারে সর্বমোট =১৭% কর ও রেইট ধার্যের বিষয়ে প্রস্তাব করেন। সভায় উপস্থিত সদস্যগণ প্রস্তাবিত বিষয়ে আলোচনাক্রমে হোল্ডিং কর =৭%, কঞ্জারভেন্সি রেইট =২% এবং সড়ক বাতি রেইট =২% হারে সর্বমোট =১১% কর ও রেইট ধার্যের বিষয়ে মতামত প্রদান করেন। এ আলোকে ৩০(ত্রিশ) দিন সময় দিয়ে হোল্ডিং মালিকদের নিকট হোল্ডিং কর নির্ধারন সম্পর্কে অবগতি নোটিশ প্রেরণ করা হবে এবং পরবর্তী ধাপে হোল্ডিং মালিকদের উপর কর ও রেইট ধার্যের উদ্দেশ্যে আপীল শুনানী কার্যক্রম আরম্ভ করা যাবে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে যথাযথ প্রক্রিয়া অনুসরণক্রমে যতদ্রুত সম্ভব ২০২৬-২০২৭ অর্থ বছর থেকে কার্যকরের লক্ষ্যে পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম সম্পন্নের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ ও কর নির্ধারক |
| | গ) ট্রেড লাইসেন্স ফি আদায় সংক্রান্ত আলোচনা। | সভায় ট্রেড লাইসেন্স ফি আদায়ের বিষয়ে জানতে চাওয়া হলে লাইসেন্স পরিদর্শক জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ২৯/০৬/২০২৫খ্রি. পর্যন্ত লাইসেন্স ফি ৩৮,৪৭,৩৩৪/- টাকা আদায় হয়েছে। তা'ছাড়া যে সকল ব্যবসায়ীগণ এখনো ট্রেড লাইসেন্স নবায়ন করেননি, ঐ সকল লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের উদ্দেশ্যে ট্রেড লাইসেন্স নবায়ন বা ট্রেড লাইসেন্স গ্রহণের জন্যে মাইকযোগে প্রচার ও মাঠ পর্যায়ে বিল ইস্যু সহ কার্যক্রম চলমান। এদিকে ট্রেড লাইসেন্স অন লাইন সংক্রান্ত বিষয়ে লাইসেন্স পরিদর্শক জানান যে, আগামী অর্থ বছরে ট্রেড লাইসেন্স অন লাইন ভিত্তিতে ইস্যু করার লক্ষ্যে কার্যক্রম চালিয়ে যাচ্ছেন।<br>তাছাড়া ২০২৫-২০২৬ অর্থ বছরে আদর্শ কর তফসিল ২০১৪ এ প্রথম শ্রেণির ঠিকাদারী ট্রেড লাইসেন্স ফি ২,০০০/-টাকার পরিবর্তে ২,৫০০/-টাকা আদায়ের বিষয়ে লাইসেন্স পরিদর্শক সভায় প্রস্তাব করেন। প্রস্তাবিত বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে ট্রেড লাইসেন্স ফি ও প্রত্যক্ষ-পরোক্ষ কর আদায়ে যথাসময়ে সংশ্লিষ্ট শাখার কর্মচারীগণ প্রক্রিয়ামাফিক বিল ইস্যু, আদায় কার্যক্রম ও মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম এবং অন লাইন পদ্ধতিতে ট্রেড লাইসেন্স ইস্যুর লক্ষ্যে কার্যক্রম চালিয়ে নেয়া সহ ২০২৫-২০২৬ অর্থ বছরে আদর্শ কর তফসিল ২০১৪ এ প্রথম শ্রেণির ঠিকাদারী ট্রেড লাইসেন্স ফি ২,০০০/-টাকার পরিবর্তে ২,৫০০/- টাকা আদায়ের বিষয়টি সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করেন। | লাইঃ পরিঃ |
| | ঘ) প্রিমিসেস (বিশুদ্ধ খাদ্য) লাইসেন্স ফি | সভায় প্রিমিসেস(বিশুদ্ধ খাদ্য) লাইসেন্স ফি আদায়ের বিষয়ে জানতে চাওয়া হলে স্বাস্থ্য সহকারী জানান যে, ২০২৪-২০২৫ | বিশদ আলোচনান্তে প্রিমিসেস লাইসেন্স ফি আদায়ের লক্ষ্যমাত্রা | স্বাঃ সহঃ |

<table>
<tr><td></td><td>আদায় সংক্রান্ত আলোচনা।</td><td>অর্থ বছরে প্রিমিসেস লাইসেন্সের বিপরীতে ১,২৮,৯৫০/- টাকা আদায় হয়েছে। এ বিষয়ে যে সকল ব্যবসায়ীগণ এখনো প্রিমিসেস লাইসেন্স নবায়ন করেননি, ঐ সকল লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের উদ্দেশ্যে প্রিমিসেস লাইসেন্স গ্রহণ বা লাইসেন্স নবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে জোরালো কার্যক্রম সচল রাখার বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।</td><td>অর্জনের স্বার্থে বিধি মোতাবেক মাঠ পর্যায়ে প্রয়োজনীয় কার্যক্রম চালিয়ে নেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td></td><td>ঙ) টোল/গন্ডি আদায় সংক্রান্ত আলোচনা।</td><td>বাজার পরিদর্শক সভাকে অবহিত করেন যে, পৌরসভার আওতাধীন ইজারাকৃত মহাল সমুহের মধ্যে পশু জবাইখানা, মাছের আড়ৎ এর গন্ডি আদায়ে মাঝে মধ্যে জটিলতা দেখা দেয়। এ আলোকে সভাপতি মহোদয় জানান যে, উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়,ফেনী এবং ফেনী পৌরসভা ও পার্শ্ববর্তী অন্যান্য পৌরসভা হতে প্রয়োজনীয় পরামর্শ নেয়ার নির্দেশনা প্রদান করেন । সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়।</td><td>বিশদ আলোচনান্তে ইজারাকৃত মহাল সমূহের যথাযথ প্রক্রিয়ামাফিক টোল/গন্ডি আদায়ের ধারাবাহিকভাবে কার্যক্রম অব্যাহত রাখার জন্যে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সহঃ প্রকৌঃ ও বাজার পরিদর্শক</td></tr>
<tr><td>০৮</td><td>স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটির কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা।</td><td>সভায় সকল স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটির প্রস্তাবিত কার্যক্রম নিয়ে বিশদ আলোচনা হয়। আলোচনায় সকল প্রকার স্থায়ী কমিটির কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন হচ্ছে বিধায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভা সমূহের কার্যক্রম নিয়মিত চালিয়ে নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্টদের দৃষ্টি আর্কষণ করেন। বর্নিত সভার আলোচ্য সুচি ও প্রস্তাবিত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা হয়।</td><td>বিশদ আলোচনান্তে বিভিন্ন কমিটির প্রস্তাবিত কার্যক্রমগুলো বাস্তবায়ন করা হলে জনগন যথার্থ উপকৃত হবে মর্মে সকল স্থায়ী কমিটি ও অতিরিক্ত স্থায়ী কমিটির প্রস্তাবিত কার্যক্রম অনুমোদনের ব্যাপারে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সহঃ প্রকৌঃ</td></tr>
<tr><td>০৯</td><td>WC সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা করতঃ অনুমোদন সংক্রান্ত আলোচনা।</td><td>সভায় WC কমিটি পক্ষ থেকে নিম্নবর্ণিত প্রকল্পগুলো উন্নয়নের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন।
<table>
<tr><th>ক্রঃনং</th><th>প্রকল্পের নাম</th><th>ওয়ার্ড</th></tr>
<tr><td>০১</td><td>আকু মোল্লা বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০১</td></tr>
<tr><td>০২</td><td>কাজী বরকাল্লার বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০১</td></tr>
<tr><td>০৩</td><td>লাল মিয়া ডাক বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০২</td></tr>
<tr><td>০৪</td><td>নিয়ত আলী হাজী বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>মেহেদী দারোগা বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০৩</td></tr>
<tr><td>০৬</td><td>বাদশা মিয়া চেয়াং বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০৩</td></tr>
<tr><td>০৭</td><td>আসলাম হাজী বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০৩</td></tr>
<tr><td>০৮</td><td>ছক্কু মিস্ত্রির নতুন বাড়ী সড়ক কার্পেটিং দ্বারা উন্নয়ন।</td><td>০৪</td></tr>
<tr><td>০৯</td><td>কাবিল মাঝি বাড়ী সড়ক কার্পেটিং দ্বারা উন্নয়ন।</td><td>০৪</td></tr>
<tr><td>১০</td><td>সাবেক মিজান কমিশনারের বাড়ী সড়ক ইউনি ব্লক দ্বারা উন্নয়ন।</td><td>০৫</td></tr>
<tr><td>১১</td><td>হানিফ কাজী বাড়ীর পেলা ওয়াল নির্মাণ।</td><td>০৬</td></tr>
<tr><td>১২</td><td>রজব আলী জমাদার বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>০৬</td></tr>
<tr><td>১৩</td><td>সাবেক মহিলা কমিশনার বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>০৭</td></tr>
<tr><td>১৪</td><td>রাজীবদের বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>০৭</td></tr>
<tr><td>১৫</td><td>জিয়াউল হক কমিশনার বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>০৮</td></tr>
<tr><td>১৬</td><td>রওশন আলী ব্যাপারী বাড়ীর সড়ক ইউনি ব্লক দ্বারা নির্মাণ(বাকী অংশ)</td><td>০৮</td></tr>
</table>
WC কমিটির সভায় প্রস্তাবিত কার্যক্রম নিয়ে বিশদ আলোচনা হয়। আলোচনায় মাঠ পর্যায়ের সকল কমিটির কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন হচ্ছে বিধায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভা সমূহের কার্যক্রম নিয়মিত চালিয়ে নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্টদের দৃষ্টি আর্কষণ করেন। বর্নিত সভার আলোচ্য সূচী ও প্রস্তাবিত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা হয়।</td><td>বিশদ আলোচনান্তে বিভিন্ন কমিটি প্রস্তাবিত কার্যক্রমগুলো বাস্তবায়ন করা হলে জনগন যথার্থ উপকৃত হবে মর্মে মাঠ পর্যায়ের WC সহ অন্যান্য কমিটির প্রস্তাবিত কার্যক্রম অনুমোদনের ব্যাপারে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহঃ প্রকৌঃ</td></tr>
<tr><td>১০</td><td>TLCC সভার কার্যক্রম সম্পর্কে আলোচনা।</td><td>সভায় সভাপতি মহোদয় TLCC সভার কার্যবিবরণী পড়ে শুনান। অতঃপর সভাপতি মহোদয় পূর্ববর্তী সভার কার্যক্রম সর্ম্পকে বিশদ আলোচনা করেন। সভায় WC সহ মাঠ পর্যায়ে বিভিন্ন কমিটির কার্যক্রম, চলমান উন্নয়ন কার্যক্রম, GESIAP ও</td><td>বিশদ আলোচনান্তে TLCC সহ বিভিন্ন কমিটি প্রস্তাবিত কার্যক্রমগুলো বাস্তবায়ন করা হলে জনগন যথার্থ উপকৃত হবে মর্মে TLCC সহ</td><td>সহঃ প্রকৌঃ</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | PRAP এর কার্যক্রম বাস্তবায়ন ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনার বাস্তবায়ন, GESIAP এর কার্যক্রম ও ২০২৪-২০২৮ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন, আদায় কার্যক্রম, উঠান বৈঠক ও LINIC এর কার্যক্রম বাস্তবায়ন, নিম্ন আয় এলাকায় কমিটি গঠনের জন্যে PRAP খাত থেকে অর্থ বরাদ্দের প্রস্তাব, রক্ষণাবেক্ষণ O&M ও MMT কার্যক্রম পরিচালনা ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন, কঠিন বর্জ্য,সড়ক বাতি, ড্রেন পরিস্কার, স্যানিটেশন কার্যক্রম বিষয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন, স্ট্রীট লাইট, ডাম্পিং সাইট ব্যবস্থাপনা, মশক নিধন, বিবিধ আলোচনা সহ অন্যান্য বিষয় নিয়ে আলোচনা হয়। আলোচনায় উপস্থিত সকলে পঠিত কার্যবিবরনী শ্রবণান্তে সকল কমিটির কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন হচ্ছে বিধায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। সভা সমূহের কার্যক্রম নিয়মিত চালিয়ে নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন। বর্নিত সভার আলোচ্য সূচী ও প্রস্তাবিত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে বিশদ আলোচনা হয়। | অন্যান্য কমিটির প্রস্তাবিত কার্যক্রম সমূহ সভায় সর্বসম্মতভাবে অনুমোদন করেন। | |
| ১১ | অবসর প্রাপ্ত এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া পরিশোধ সংক্রান্ত আলোচনা। | সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইতোপূর্বে অবসর প্রাপ্ত এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া পাওনাদি ধাপে ধাপে পরিশোধের ব্যবস্থা নেয়া হয়েছে এবং এ বিষয়ে কার্যক্রম চলমান। এ আলোকে বর্তমান রাজস্ব তহবিলের অবস্থা কি জানতে চাইলে হিসাব রক্ষক, দাগনভূঞা পৌরসভা,ফেনী জানান যে, বিভিন্ন রাজস্ব তহবিলের হালনাগাদ হিসাব বিবরণী সংগ্রহ করে সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যাবে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে রাজস্ব তহবিলের অবস্থা বিবেচনা করে ধাপে ধাপে অবসর প্রাপ্ত এবং কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বকেয়া পাওনাদি পরিশোধের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ ও হিসাব রক্ষক |
| ১২ | বিবিধঃ | | | |
| | ক) পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | সভায় সভাপতি মহোদয় হাসপাতাল রোডের পরিস্কার-পরিচ্ছন্নতা নিয়ে জানান যে, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সাহেবের সাথে আলোচনা হয়েছে। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সাহেবের পরামর্শক্রমে বা সরজমিনে পরিদর্শন করে ডাস্টবিন নির্মাণের স্থান নির্ধারন করা হলে ঐ জায়গায় ডাস্টবিন নির্মাণ অথবা রিক্সা ভ্যান নিয়ে ধারাবাহিকভাবে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চালিয়ে নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। তাছাড়া থানার বিপরীত পাশের খালের পানি চলাচলের জায়গা সংকোচিত হয়ে গেছে। এদিকে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সহকারী প্রকৌশলী জানান যে, বর্ষা মৌসুমের বৃষ্টি ও বন্যা মোকাবেলায় ইতোমধ্যে দাদনার খাল সংস্কার ও খনন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এদিকে রুটিনমাফিক পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে রুটিনমাফিক পরিস্কার-পরিচ্ছন্নতা এবং বর্ষা মৌসুমের অতিবৃষ্টিজনিত কারণে ক্ষয়ক্ষতি হলে, তা চিহ্নিত করে দ্রুত সমাধানে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ ও কন্জারভেন্সি ইন্সপেক্টর |
| | খ) শিশুদের লেখা পড়ায় উদ্বুদ্ধকরণ সংক্রান্ত আলোচনা। | পৌর এলাকাধীন ছোট ছোট শিশুদের লেখা পড়ায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে আর্ট,নাচ,গান শিখায় এমন শিশু শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিশুদের মাঝে প্রয়োজনীয় উপকরণ প্রদানের বিষয়টি সভাপতি মহোদয় সভায় প্রস্তাব করেন। প্রস্তাবিত বিষয়টির সাথে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং এতে করে শিশুরা লেখাপড়ায় আগ্রহী হবে বলে মনে করেন। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। | বিশদ আলোচনান্তে শিক্ষার প্রসারে প্রস্তাবিত বিষয়টি গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে বিধায় উপস্থিত সকলে সর্বসম্মতভাবে অনুমোদন করেন। | সহঃ প্রকৌঃ ও প্রঃ কঃ |
| | গ) ফেনী-নোয়াখালী ফোর লেন সড়কের ডিভাইডারে গাছ লাগানো সংক্রান্ত আলোচনা। | ফেনী-নোয়াখালী ফোর লেন সড়কের ডিভাইডারে সৌন্দর্য বর্ধনে ফুল বা পাতাবাহার জাতীয় গাছ লাগানোর বিষয়ে কয়েক জন ছাত্র সভাপতি মহোদয়ের নিকট মৌখিকভাবে অনুমতি প্রার্থনা করেন। বিষয়টি সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, সড়কে যাতে সমস্যা সৃষ্টি | বিশদ আলোচনান্তে সড়কে সমস্যা সৃষ্টি না হয় এবং শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে ব্যবহার না করার শর্তে ফোর লেন সড়কের ডিভাইডারে সৌন্দর্য বর্ধনে ফুল বা পাতাবাহার | সহঃ প্রকৌঃ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | না হয় এবং শৃঙ্খলা পরিপন্থী কোন কাজে ব্যবহার না করে সে বিষয়টি বিবেচনাক্রমে অনুমতি প্রদান করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা করেন। | জাতীয় গাছ লাগানোর অনুমতি দেয়া যায় মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | |
| | ঘ) জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা। | সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, যে সকল অভিভাবক সন্তান জন্মের ০ থেকে ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করেন। ঐ সকল অভিভাবকদের প্রতি বছরে ০২(দুই) বার করে ষান্মাসিক লটারী আয়োজনের মাধ্যমে গিফ্‌ট হ্যাম্পার/পুরুস্কার প্রদানের ব্যবস্থা নেয়া যায় কি না, এ বিষয়ে সভায় প্রস্তাব করেন। জন্ম নিবন্ধন কার্যক্রমে অধিকতর গতিশীল করণে প্রস্তাবিত বিষয়ে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত অনেকে বিশদ আলোচনা করেন। | বিশদ আলোচনান্তে জন্ম নিবন্ধন কার্যক্রম অধিকতর গতিশীল করণে অভিভাবকদের প্রতি বছরে ০২(দুই) বার করে ষান্মাসিক লটারী আয়োজনের মাধ্যমে গিফ্‌ট হ্যাম্পার/পুরুস্কার প্রদানের ব্যবস্থা নেয়ার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | সহঃ প্রকৌঃ ও স্বাঃ সহঃ |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স.ম. আজহারুল ইসলাম)
প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী
ও
উপজেলা নির্বাহী অফিসার
দাগনভূঞা,ফেনী।

স্মারক নং- দাঃপৌঃ/সাঃশাঃ/পঃসভা/২০২৫/২০৪..(২০)

তাং- ৩০.০৮.২০২৫খ্রি.

অনুলিপি:

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, স্থানীয় সরকার বিভাগ,চট্টগ্রাম।
৩. জেলা প্রশাসক,ফেনী।
৪. জনাব ............................................................................., ওয়ার্ড নং-............,দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৫. সহকারী প্রকৌশলী, দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৬. প্রশাসনিক কর্মকর্তা, দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৭. হিসাব রক্ষক, দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৮. ..............................................................................,দাগনভূঞা পৌরসভা,ফেনী।
৯. সংশ্লিষ্ট নথি:

৩০.০৮.২৫

প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী।